কালের কণ্ঠ

তারিখ 01 FEB 2016
পৃষ্ঠা ৩য় কলাম ৫

# কুবিতে প্রথম বর্ষের ক্লাস আজ শুরু

**কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ক্লাস আজ সোমবার থেকে শুরু হচ্ছে। বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সৈয়দুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন। আজ কেন্দ্রীয়ভাবে শিক্ষার্থীদের বরণ করে নেওয়ার কোনো পরিকল্পনা বিশ্ববিদ্যালয় প্রশাসনের নেই। তবে বিভাগগুলো আলাদাভাবে শিক্ষার্থীদের বরণ করে নেবে বলে কয়েকটি বিভাগের সঙ্গে কথা বলে জানা গেছে।

এদিকে বিজ্ঞান অনুষদভুক্ত পাঁচটি বিভাগের শিক্ষার্থীদের এবারই প্রথম একসঙ্গে বরণের উদ্যোগ নিয়েছে অনুষদের কর্তাব্যক্তিরা। আগামীকাল মঙ্গলবার সকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আশরাফের উপস্থিতিতে এ অনুষদের শিক্ষার্থীদের বরণ করে নেওয়া হবে।

এ বছর কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ১৯টি বিভাগে ১০১০ জন শিক্ষার্থী ভর্তি হয়েছেন।